সভাপতি : জনাব দে: তাহমিনা হক,
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।

সভার তারিখ ও সময় : ২৮ সেপ্টেম্বর ২০২১, বেলা ৩:০০ টা।

স্থান : সভাপতির অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)।

ক্রঃ নং	নাম	পদবী ও ঠিকানা
০১	দে: তাহমিনা হক	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০২	মো: কামরুল ইসলাম	চেয়ারম্যান, দেউলী ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৩	মো: তোফাজ্জল হোসেন	চেয়ারম্যান, ফাজিলহাটী ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৪	হানিফুজ্জামান লিটন	চেয়ারম্যান, পাথরাইল ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৫	মো: আব্দুল বাছেদ	উপজেলা প্রকৌশলী,এলজিইডি, দেলদুয়ার, টাঙ্গাইল।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উক্ত সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয়উপজেলা প্রকৌশলী,এলজিইডি, দেলদুয়ার, টাঙ্গাইলকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা প্রকৌশলী,এলজিইডি, দেলদুয়ার, টাঙ্গাইলআলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন ও দৃঢ়ীকরণ।	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং আলোচনা করা হয়।	আলোচনান্তে পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা প্রকৌশলী
বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ				
২	উপজেলা প্রকৌশলী	উপজেলা প্রকৌশলীসভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের পরিবারের বসবাসের জন্য নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে বিধায় নিরাপত্তা প্রাচীর নির্মাণ করা প্রয়োজন। কোয়ার্টারসমূহ মেরামত ও উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের নিরাপত্তা প্রাচীর নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুত করা প্রয়োজন।	দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী
৩	চেয়ারম্যান দেউলী ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান,দেউলী ইউপি সভায় জানান যে,ইউনিয়নের রাস্তার ব্যাপক ক্ষতি হয়েছে। (১) দেউলী ইউনিয়নের বিভিন্ন রাস্তা (অংশ-১) জরুরী মেরামত করা প্রয়োজন। (২) দেউলী ইউনিয়নের বিভিন্ন রাস্তা (অংশ-২) জরুরী মেরামত করার জন্য অনুরোধ করেন।	এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান দেউলী ইউপি।
৪	চেয়ারম্যান ফাজিলহাটী ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, ফাজিলহাটী ইউপি সভায় জানান যে, এলাচিপুর হাটের তরকারি হাট ও দক্ষিণের রাস্তায় অতিবৃষ্টিতে গর্ত হয়ে যাওয়ায় হাটে আসা ক্রেতা-বিক্রেতাদের জিনিসপত্র ক্রয়-বিক্রয় ও চলাফেরা অত্যন্ত কষ্টসাধ্য। উক্ত তরকারি হাট ও দক্ষিণের রাস্তা (গলি) মাটি, ব্যাটস ও বালি দ্বারা উন্নয়ন করা প্রয়োজন।	এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান পাথরাইল ইউপি।

CamScanner

ক্রম নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৫	চেয়ারম্যান পাথরাইল ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, পাথরাইল ইউপি সভায় জানান যে, পাথরাইল পাঁচ রাস্তার মোড় হতে দক্ষিণ পাথরাইল আদীমের বাড়ি পর্যন্ত রাস্তা জনগণের চলাচল উপযোগী রাখার জন্য ব্যাটিস ও বালি দ্বারা মেরামত করা প্রয়োজন।	পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান পাথরাইল ইউপি।
৬	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার।	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেলদুয়ার তাঁর সমাপনী বক্তব্যে বলেন আমরা সকলেই স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করবো। সংশ্লিষ্ট সকলের আন্তরিকতা, দক্ষতা ও নিবিড় তদারকির মাধ্যমে উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান।এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সভায় বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।হয়।	সংশ্লিষ্ট বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

২৮/৯/২১

(মো: তাজমিনা হক)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা যোগাযোগ ও জৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.০৬.০০৩-১৭- ২৫

তারিখ : ২৮/০৯/২০২১ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
২। উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
৩। উপজেলা প্রকৌশলী, দেলদুয়ার, টাঙ্গাইল।
৪।..... অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।

২৮-০৯-২১

মো: আব্দুল বাছেদ
উপজেলা প্রকৌশলী
দেলদুয়ার, টাঙ্গাইল।

CamScanner